মেহেরপুর তাঁতীপাড়ায় সীমানা নির্ধারণী নিয়ম না মেনে বাড়ি নির্মাণ করার অভিযোগ

সীমানা নির্ধারণী নিয়ম না মেনে বাড়ি নির্মান করার অভিযোগ উঠেছে এনামুল হক নামের এক ব্যক্তির বিরুদ্ধে। এঘটনায় আদালতে মামলা দেওয়ার প্রস্তুতি নিচ্ছেন প্রতিবেশী দাউদ হোসেন। ঘটনাটি ঘটেছে মেহেরপুর শহরের তাঁতীপাড়া এলাকায়।

সরেজমিনে গিয়ে দেখা গেছে, দাউদ হোসেন ও এনামুল হক একে অপরের প্রতিবেশী। এনামুল হক পৌরসভার নিয়ম না মেনে মাত্র এক ফিট ফেলে রেখে বাড়ি নির্মাণ শুরু করেছে। নিচে তলায় এক ফিট ফেলে রাখলেও দ্বোতালায় গিয়ে বাইরের দিকে ঝুলিয়ে দিয়েছে বাড়ির ওয়াল। ফলে তার জলকরও প্রতিবেশী দাউদ হোসেনের ঘরের উপর পড়বে। এক ফিট ফেলে রাখার বিষয়ে উভয়ের মধ্যে লিখিত থাকলেও সেটিও মানেনি এনামুল হক। দ্বিতীয় তলার ঘর গাঁথার সময় দাউদ হোসেন বাঁধা দিলেও জোর করে ঘরের দেওয়াল গেঁথে নেন তিনি।

এব্যাপারে দাউদ হোসেন বলেন, ঘর করার সময় আমি তাকে নিষেধ করলেও সে মানেনি। পুলিশ নিয়ে এসে আমাকে ভয়ভীতি দেখিয়ে সে ঘর তৈরী করে। এঘটনায় আমি আদালতে মামলা করবো।

এদিকে অভিযুক্ত এনামুল হক বলেন, আমি যখন ঘর গাঁথি তখন সে বাঁধা দেইনি। তাই আমি ঘর গেঁথে নিয়েছি। নিচ তলায় গাঁথার সময় ১ ফিট ফেলে রাখলেন দোতালায় গিয়ে সেটা পুরুন করে নিলেন কেনো ? এই প্রশ্নের জবাবে তিনি বলেন উপরে থাকার ঘর করছি। এজন্য ওই টুকু পুরুণ করেছি।

প্রতিবেশীরা নাম প্রকাশ না করার শর্তে বলেন, এনামুল হক একজন ফ্যাসাদে মানুষ। সে সরকারি কোনো নিয়ম কানুন মানতে নারাজ। সে বাড়ি বানিয়েছে কোনো নিয়ম কানুন মানেননি।